



বাউবি'র দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

স্কুল অব এডুকেশন
গাজীপুর-১৭০৫

02-996691107, PABX: 09666-730730, Ext. 605



ব্যাচেলর অব এডুকেশন (বিএড) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ: ২০২৫ (ব্যাচ-২০২৫)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর স্কুল অব এডুকেশন পরিচালিত ব্যাচেলর অব এডুকেশন (বিএড) প্রোগ্রামে ২০২৫ শিক্ষাবর্ষে (ব্যাচ- ২০২৫) ভর্তির জন্য osapsnew.bou.ac.bd-এর মাধ্যমে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

আবেদনের যোগ্যতা

- অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি।

আবেদন সংক্রান্ত তথ্য

- আবেদনের তারিখ: ১৫-১১-২০২৪ থেকে ২৮-১২-২০২৪ তারিখ পর্যন্ত।
- আবেদন ফি: ৭০০/- (সাতশত) টাকা মাত্র।
- প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ: ০৬-০১-২০২৫ তারিখ।
- অনলাইনে প্রবেশপত্র প্রাপ্তির তারিখ: ০৮-০১-২০২৫ তারিখ থেকে ভর্তি পরীক্ষার পূর্ব পর্যন্ত।
- ভর্তি পরীক্ষার তারিখ ও সময়: ১৮-০১-২০২৫ তারিখ (সকাল ১০:০০টা থেকে ১১:০০টা পর্যন্ত)।
- ভর্তি পরীক্ষার স্থান: বিএড প্রোগ্রামের স্টাডি সেন্টারসমূহ।
- ভর্তি পরীক্ষার নম্বর: ১০০ নম্বরের বহু নির্বাচনী প্রশ্ন (MCQ)।
- নম্বর বন্টন: [বাংলা- ২৫, ইংরেজি- ২৫, গণিত- ২৫, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি)- ২৫]।
- নিজস্ব মোবাইল নম্বর ও ই-মেইল আইডি ব্যবহার করে আবেদন করতে হবে।
- তৃতীয় লিঙ্গের শিক্ষার্থীগণ নির্ধারিত কোর্স ফি'র শতকরা ৬০ ভাগ ছাড় পাবে।

আবেদন প্রক্রিয়া

- যে কোনো ব্রাউজারের Address bar-এ <https://osapsnew.bou.ac.bd> টাইপ করে ব্রাউজ করুন। Offered Programs সেকশন এর অধীনে School of Education (SOE)-এ ক্লিক করে বিএড প্রোগ্রামের পাশে প্রদর্শিত Apply Now বাটনে ক্লিক করুন। বিএড প্রোগ্রামে ভর্তি আবেদনের নির্দেশাবলী গুরুত্ব সহকারে পড়ে পুনরায় Apply Now বাটনে ক্লিক করুন। অনলাইন-এ আবেদন ফরমটির General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করুন। Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ফটো (300x300 JPG Format) এবং আপনার স্ক্যান করা স্বাক্ষর (300x100 JPG Format) আপলোড করে Next বাটনে ক্লিক করুন। Academic Information ধাপে আপনার শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করুন এবং অভিজ্ঞতার তথ্য (যদি থাকে) Professional Information ধাপে সঠিকভাবে পূরণ করুন। প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অভিজ্ঞতার প্রত্যয়নপত্র আপলোড করে Finish বাটনে ক্লিক করুন।
- সঠিকভাবে ফরম পূরণ শেষে আপনার মোবাইলে SMS এবং ই-মেইলে Temporary User ID ও Password প্রেরণ করা হবে। Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway সমূহ থেকে যে কোনোটির মাধ্যমে ফি জমা দেয়া যাবে। সফলভাবে ফি জমাদান শেষে "Payment has been completed successfully" মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ই-মেইলের মাধ্যমে অবহিত করা হবে।
- বিএড প্রোগ্রামে ভর্তির আবেদন ফি ৭০০/- (সাতশত টাকা)। তবে, এক্ষেত্রে প্রযোজ্য অনলাইন চার্জ আবেদনকারী বহন করবেন। অনলাইন ভর্তি সংক্রান্ত আপনার যে কোনো পরামর্শ/অভিযোগের জন্য OSAPS-এর হেল্পলাইন নম্বরে অথবা ই-মেইলে (help.osaps@bou.ac.bd)-এ অবহিত করুন।
- আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র প্রাথমিকভাবে নির্বাচিতরাই ভর্তি পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন এবং তাদের তালিকা বাউবি'র ওয়েবসাইটে ০৬-০১-২০২৫ তারিখে দেয়া হবে। এছাড়া তাদেরকে মোবাইলে SMS-এর মাধ্যমে নিশ্চিত করা হবে।

বিঃদ্র: ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখিত যে কোন তথ্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারীর জন্য প্রযোজ্য হবে। কোন আবেদনকারীর ভর্তির আবেদনে প্রদত্ত কোন তথ্য অসম্পূর্ণ ও অসত্য প্রমাণিত হলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

অনলাইনে আবেদনের জন্য <https://osapsnew.bou.ac.bd>

Helpline 01618-977237, 01907-451612 (সকাল ৯:০০ থেকে বিকাল ৪:০০ পর্যন্ত)।

অধ্যাপক ড. লাভলী আখতার ডলি

ডিন

স্কুল অব এডুকেশন
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর- ১৭০৫।

অসম্পূর্ণ, ভুল এবং মিথ্যা তথ্য প্রদান প্রমাণিত হলে ভর্তি কমিটি'র সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।